AKASHVANI KOLKATA

RNU: KOLKATA
Bengali Text Bulletin

Date 04-11-2026 **Time: 1.40 PM**

কালীপুজোর পরেই পঞ্চায়েত দফতরে ৭ হাজার ২-শো জনকে নিয়োগ করা হবে বলে পঞ্চায়েত ও গ্রামোন্নয়নমন্ত্রী দিলীপ ঘোষ জানিয়েছেন। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর পৌরোহিত্যে বিধাননগরে মৃত্তিকাভবনে গ্রামীণ এলাকার উন্নয়নে বিভিন্ন প্রকল্পে কাজের অগ্রগতি নিয়ে পর্যালোচনা বৈঠকের পর শ্রী ঘোষ এই কথা জানান। তিনি আরও বলেন, যারা এখনও ঘর পাননি, তারা ২ বছরের মধ্যে পেয়ে যাবেন। ভিবিজি রামজি প্রকল্পে বর্তমানে ২২ লক্ষ মানুষ কাজ করছেন বলেও তিনি জানিয়েছেন। পূর্বতন সরকারের আমলে ব্যাপক দুর্নীতির অভিযোগ করে পঞ্চায়েতমন্ত্রী বলেন, এর জেরে রাজ্যের ৮০ হাজার কোটি টাকা ক্ষতি হয়েছে। ৩১ লক্ষ জব কার্ড বাতিল করা হয়েছে।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী পঞ্চায়েত দফতরের বিভিন্ন তথ্য সমন্বিত একটি বই প্রকাশ করে জানান, এতে ৩৭৫-টি প্রকল্পের যাবতীয় তথ্য রয়েছে।

(বাইট – মুখ্যমন্ত্রী)

পান থেকে ধান, ফুল থেকে আনারস, সব ধরনের চাষের তথ্য এতে পাওয়া যাবে। এমনকি সুন্দরবনের কাঁকড়া চাষিদের কথাও এতে তুলে ধরা হয়েছে। মুখ্যমন্ত্রী জানান, এই প্রকল্পগুলি সম্পর্কে গ্রামীণ মানুষদের অবহিত করার জন্য বাউল ও লোকশিল্পীদের কাজে লাগানো হবে এবং দূরবর্তী অঞ্চলে ব্যাপক প্রচার চালানো হবে।

শ্রী অধিকারী পরিযায়ী শ্রমিকদের রাজ্যে ফিরে আসার আহ্বান জানিয়ে বলেন, ভিবিজি রামজী প্রকল্পে বর্তমানে ৩৪ হাজার ৫-শো টাকা পাওয়া যাচ্ছে, তা যাতে আরও বাড়ানো যায়, তার চেষ্টা চালাচ্ছে সরকার।

oooooooooooooooooooooo

রাজ্য সরকার বিভিন্ন সমবায় সমিতিতে নব নিযুক্ত আধিকারিকদের নিয়োগ পত্র দিতে চলেছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী **আজ** বিকেলে নবান্ন সংলগ্ন সভাঘরে সমবায় দপ্তরের উদ্যোগে এক সরকারি অনুষ্ঠানের মঞ্চ থেকে এই আধিকারিকদের হাতে নিয়োগ পত্র তুলে দেবেন ।

oooooooooooooooooooooo

কালীপুজোর বিসর্জন ও ছট পুজো উপলক্ষে কলকাতা ও হাওড়ায় গঙ্গার বিভিন্ন ঘাট আজ পরিদর্শন করেন পুর ও নগর উন্নয়ন মন্ত্রী অগ্নি মিত্রা পাল। সঙ্গে ছিলেন কলকাতা পুরসভার কমিশনার, প্রশাসক স্মিতা পাণ্ডে ও সংশ্লিষ্ট আধিকারিকরা। ঘাটগুলিতে পুণ্যার্থী ও সাধারন মানুষের নিরাপত্তা ও সুবিধে সুনিশ্চিত করার জন্য যাবতীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন পুরমন্ত্রী। প্রতিটি উৎসব ও ধর্মীয় অনুষ্ঠান যাতে নিরাপদ ও নির্বিঘ্নে সম্পন্ন হয় সরকারের কাছে তা অন্যতম লক্ষ্য বলে মন্তব্য করেন পুরমন্ত্রী।

oooooooooooooooooooooo

কালীপুজো ও দীপাবলি উপলক্ষে যাত্রী ভিড় সামাল দিতে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন রাত্রিকালীন EMU স্পেশাল ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। শিয়ালদহ, ডানকুনি, বারাসত, বনগাঁ, হাসনাবাদ, রানাঘাট এবং ব্যারাকপুরের মধ্যে আগামী ৮,

৯, এবং ১০ নভেম্বর গভীর রাত পর্যন্ত মোট ছয় জোড়া অতিরিক্ত EMU স্পেশাল ট্রেন চালানো হবে।

নৈহাটি জংশনেও বিশেষ প্ল্যাটফর্মের ব্যবস্থা করা হয়েছে। এব্যাপারে বিস্তারিত জানিয়েছেন শিয়ালদার DRM রাজীব সাক্সেনা।

oooooooooooooooooooooo

কালীপুজো ও দীপাবলির পরই রাজ্যে জগদ্ধাত্রী পুজো। হুগলীর চন্দননগরের এই পুজোকে ঘিরে সাজোসাজো রব। কলকাতার চোরবাগানের পুজো মন্ডপের দুর্ঘটনা থেকে শিক্ষা নিয়ে চন্দননগরে নিরাপত্তায় ব্যবস্থা আরও আঁটোসাঁটো করেছে প্রশাসন। রাজ্যের দুই মন্ত্রী গতকাল এক বৈঠকে পুজোর প্রস্তুতি খতিয়ে দেখেন। অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত বৈঠকে বলেন, পুলিশ ও প্রশাসনের পক্ষ থেকে যেকোনরকম অপ্রীতিকর ঘটনার মোকাবিলায় সবরকমের প্রস্তুতি রাখা হচ্ছে। ঝড়বৃষ্টির মতো প্রাকৃতিক দুর্যোগের ক্ষেত্রেও পরিস্থিতি অনুযায়ী কাজ করার জন্য সবরকম ব্যবস্থা নেওয়া হয়েছে। চন্দননগরের জগৎ বিখ্যাত আলো যাতে দেশের বিভিন্ন প্রান্তে ছড়িয়ে পড়ে তারও চেষ্টা কার হচ্ছে।

পুর ও নগরোন্নয়নমন্ত্রী অগ্নিমিত্রা পাল বলেন, শুধুমাত্র সৌন্দর্য নয়, নিরাপত্তার ওপরেও জোর দেওয়া হবে। পূর্বতন সরকার চন্দননগরের আলোকশিল্পীদের কোনরকম সহায়তা করেনি। কিন্তু তারা সবরকমভাবে তাদের সাহায্য করবেন। এছাড়া গঙ্গারঘাট আলোকমালায় সাজিয়ে তোলা হবে।

স্বাধীনতা সংগ্রামীদের ছবি দিয়ে গ্যালারি তৈরি এবং ফরাসী স্থাপত্যগুলিও সাজানো হবে বলে তিনি জানিয়েছেন।

oooooooooooooooooooooo

বীরভূমের পাথর ব্যবসায়ী টুলু মণ্ডল মামলায় তদন্তের গতি বাড়িয়েছে বীরভূম জেলা পুলিশ। ভূমি সংস্কার দফতরের প্রাক্তন আধিকারিক রবিউল ইসলামের ঘনিষ্ঠ মহম্মদ শেখের মাড়গ্রামের বাড়ি ও হার্ডওয়ারের দোকানে আজ তল্লাশি চালাচ্ছেন তদন্তকারীরা । সঙ্গে আছে রবিউলও।

পুলিশ সূত্রে জানা গেছে জমি সংক্রান্ত দুর্নীতির অভিযোগের তদন্তে রবিউল ইসলামকে হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদের পাশাপাশি তাঁর ঘনিষ্ঠদের সম্পর্কেও তথ্য সংগ্রহ করা হচ্ছে। সেই সূত্রেই মাড়গ্রামে এই তল্লাশি অভিযান। তল্লাশির সময় কী কী নথি বা সামগ্রী উদ্ধার হয়েছে, তা এখনও বিস্তারিত জানা যায়নি।

oooooooooooooooooooooo

গুয়াহাটির একটি মামলায় এনফোর্সমেন্ট নির্দেশালয় ইডি-র আধিকারিকরা আজ দক্ষিণ ২৪ পরগনার কামালগাজিতে এক ব্যবসায়ীর বাড়িতে তল্লাশি চালাচ্ছে।

শ্যামল ব্যাপারী নামে ওই ব্যক্তি ব্যবসার আড়ালে হাওয়ালার মাধ্যমে টাকা পাচার করতেন বলে অভিযোগ। গোপন খবরের ভিত্তিতেই আজ সকালে তার বাড়ি ও অফিসে হানা দেন তদন্তকারীরা। প্রথমে লেকটাউনের এক জায়গায় অভিযান চালানো হয়, পরে এক সঙ্গে চার জায়গায় চলেছে এই তল্লাশি অভিযান।

oooooooooooooooooooooo

কলকাতা হাইকোর্ট, বাংলাদেশী সন্দেহে আটক এক মহিলা ও তার দুই নাবালক সন্তানকে এখনই বাংলাদেশে ফেরত পাঠানো যাবে না বলে নির্দেশ দিয়েছে। হাইকোর্টের অবকাশকালীন বেঞ্চে দুই বিচারপতি সব্যসাচী ভট্টাচার্য ও অর্জুন রায় মুখার্জী নির্দেশ দিয়েছেন, লেবু শেখ নামে এক ব্যক্তির স্ত্রী ও তার দুই বাচ্চাকে ২৪ ঘণ্টার মধ্যে নিম্ন আদালতের ম্যাজিস্ট্রেটের কাছে পেশ করতে হবে। তাদের বিরুদ্ধে

নির্দিষ্ট অভিযোগ দায়ের করা, আইন মেনে বিচার প্রক্রিয়া চালানো এবং লেবু শেখের পরিবারকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেওয়ারও নির্দেশ দিয়েছে আদালত।

উল্লেখ্য, লেবু শেখের স্ত্রী তার দুই বাচ্চাকে নিয়ে গত ২১-শে অক্টোবর কোচবিহারের চ্যাংড়াবান্ধা সীমান্ত দিয়ে বাংলাদেশে যাচ্ছিলেন। তাদের কাছে বৈধ ভারতীয় পাসপোর্ট ও ভিসা এবং দুটি বাচ্চার কোচবিহারের হাসপাতালে জন্মগ্রহণের শংসাপত্রও ছিল। কিন্তু ইমিগ্রেশন বিভাগ তাদের বাংলাদেশী সন্দেহে আটক করে দিনহাটা পুরসভার ডিটেনশন ক্যাম্পে পাঠিয়ে দেন। এরপর হাইকোর্টে মামলা দায়ের করেন লেবু শেখ।

oooooooooooooooooooooo

প্রবল ঘূর্ণিঝড় মুরাসু স্থলভাগে প্রবেশের পর ধীরে ধীরে শক্তি হারাচ্ছে। এদিকে এর কোন প্রভাব এরাজ্যে না পড়লেও বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় আজ পর্যন্ত কলকাতা ও তার পার্শ্ববর্তী এলাকায় আকাশ মেঘলা । সকাল থেকেই বিক্ষিপ্তভাবে বৃষ্টি চলেছে । তবে এরপর আগামী তিন চার দিন দক্ষিণবঙ্গ ও উত্তরবঙ্গে আবহাওয়া প্রধানত শুষ্ক থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের প্রধান ডক্টর হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

oooooooooooooooooooooo

oooooooooooooooooooooo